স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার : ২ কোর্স : ১

বাংলা সাহিত্যের ইতিহাস (ফোর্ট উইলিয়ম থেকে ১৯৭০পর্যন্ত)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক -১

১। বাংলা গদ্য চর্চায় রামমোহন ও বিদ্যাসাগরের অবদানের তুলনামূলক আলোচনা করো। ১০

২। বটতলার সাহিত্য বলতে কেবল কলকাতার বিশেষ ভৌগোলিক অঞ্চল থেকে প্রকাশিত সাহিত্য বোঝায় না, বিশেষ সাংস্কৃতিক চিহ্নবাহী সাহিত্যধারাকে বোঝায়। আলোচনা করো। ১০

৩। উনিশশতকে রচিত চা-বাগানকেন্দ্রিক বাংলা টেক্সট নিয়ে বাংলাসাহিত্যে 'শ্রমজীবীর সাহিত্য' শীর্ষক কোনো বর্গীকরণ সম্ভব কিনা, এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

একক - ২

৪। রবীন্দ্রনাথ সম্পাদিত 'নবপর্যায় বঙ্গদর্শন' ও 'ভাণ্ডার' পত্রিকার মধ্যে একটি তুলনামূলক আলোচনা করো। ১০

৫। ১৯০১ থেকে ১৯৪১ সাল পর্যন্ত তারাশঙ্করের উপন্যাসের পত্রিকার প্রকাশকাল ও গ্রন্থরূপের প্রকাশকালসহ একটি সংক্ষিপ্ত বিবরণ প্রস্তুত করো। ১০

৬। ১৯২২সালে প্রকাশিত পৃথিবীখ্যাত একটি অ-বাংলা উপন্যাস ও কাব্যের রচয়িতার নাম লেখো। ১৯২৩সালে বাংলায় লেখা প্রকাশিত একটি সাহিত্যকৃতির বিশদ পরিচয় দাও। ২+৮= ১০

একক - ৩

৭। প্রবন্ধ রচনায় নারায়ণ গঙ্গোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করো। ১০

৮। ১৯৪৩-এর মন্বন্তরের ছবি বাংলা কবিতায় উল্লেখযোগ্যভাবে প্রতিফলিত হয়েছে। ব্যাখ্যা করো। ১০

৯। ১৯৪৭-এর দেশভাগ ও উদ্বাস্তু সমস্যার চিত্র বাংলা উপন্যাসে কতটা বাস্তবোচিতভাবে উপস্থাপিত হয়েছে আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দু'টি) : ২x ৫=১০

ক)'সাহিত্য'পত্রিকায় সাহিত্য-সমালোচনা

খ) 'সহযোগীসাহিত্য'

গ)'Beauty, good and knowledge are three sisters'

ঘ)'প্রবাসী' পত্রিকার চিত্র

ঙ) বাংলা ছোটোগল্প ও তেভাগা আন্দোলন

চ) গল্পকার সতীনাথ ভাদুড়ী

# স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

## বাংলা

### সেমেস্টার: ২ কোর্স: ২

### বাংলা কাব্য (আধুনিক যুগ)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৪০

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।**

**একক-১**

১। মেঘনাদ-নিধনে দেবতাদের ভূমিকা সম্পর্কে আলোচনা করো এবং এতে লক্ষ্মণের বীরত্ব কোনোভাবে ক্ষুণ্ণ হয়েছে কিনা দেখাও। ৬+৪=১০

২। সীতাদেবীর নিজের মুখে তাঁর হরণবৃত্তান্ত কীভাবে বর্ণিত হয়েছে 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে তার পরিচয় দাও। ১০

৩। অনেকে মনে করেন, 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গে রাবণের রাজসত্তা অপেক্ষা তাঁর পিতৃসত্তা উজ্জ্বলতররূপে প্রকাশিত। এ-বিষয়ে তোমার নিজের মতামতসহ আলোচনা করো। ১০

**একক- ২**

৪। "জীবনানন্দের 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি শুধুই 'রূপসী বাংলা'-র প্রতি কবির রূপমুগ্ধতার প্রকাশ নয়। তাতে মিশে আছে 'বাংলার ত্রস্ত নীলিমা'-র বিষাদরূপও!" মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

৫। "শুধু আত্মঘাতী মানুষটিই নয়; জীবনানন্দের 'আটবছর আগের একদিন' কবিতার কথক চরিত্রটির গুরুত্বও অপরিসীম।" আলোচনা করো। ১০

৬। 'সৎ কবিতার একটি বড় গুণ সেখানে বহু অর্থের ব্যঞ্জনা বা দ্যোতনা থাকবে।' এই মন্তব্যের আলোকে বিষ্ণু দে-র 'ঘোড়সওয়ার' কবিতাটি আলোচনা করো। ১০

**একক- ৩**

৭। 'সেই শিল্প খাঁটি শিল্প যার দর্পণে জীবন প্রতিফলিত।... যা জীবন সম্পর্কে মানুষকে মিথ্যা ধারণা দেয় না।' সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় এর প্রতিফলন কীভাবে ঘটেছে তা পাঠ্য কবিতা অবলম্বনে দেখাও। ১০

৮। 'মিছিলের মুখ' কবিতায় রাজনৈতিক চেতনা এবং 'জেলখানার গল্প' কবিতায় রাজনৈতিক বিভ্রান্তি কীভাবে প্রকাশ পেয়েছে সে সম্পর্কে তোমার মতামত দাও। ১০

৯। 'সরলতা আর মানবতা যা নীরেন্দ্রনাথ চক্রবর্তীর একমাত্র আকাঙ্ক্ষা' পাঠ্য দুটি কবিতা অবলম্বনে বিচার করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি): ২×৫=১০

(ক) 'নাহি কাজ মিত্রবর সীতায় উদ্ধারি'
(খ) 'নহে ছায়াবাজী ইহা'
(গ) 'সৃষ্টির মনের কথা মনে হয়---দ্বেষ।'
(ঘ) 'তপ্ত মরুর জনহীনতায় কোথায় সে প্যান্ডার?'
(ঙ) 'যারা হটাবে /তারা এখনও তৈরি নয়।'
(চ) 'একদিন সমস্ত নারী চোখের ইঙ্গিতে বলবে, এসো।

স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

বাংলা

সেমেস্টার: ২ কোর্স: ৩

(বাংলা নাটক)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক-১

১। 'অলীকবাবু' প্রহসন সরাসরি কোনো সামাজিক বিষয়ের সমালোচনা করে না লেখা হলেও তাতে নানা রকম সমাজ সম্পর্কিত কটাক্ষ আছে।— আলোচনা করো। ১০

২। গদাধর এবং অলীকের মধ্যে কোনো পূর্ব নির্ধারিত বোঝাপড়া না থাকা সত্ত্বেও একটা যুগলবন্দী লক্ষ করা যায়। কিন্তু শেষরক্ষা হয় না— প্রহসনটির সামগ্রিক পরিকল্পনায় এই যুগলবন্দীর কতখানি গুরুত্ব আছে, বিচার করো। ১০

৩। 'অলীকবাবু' রচনার ক্ষেত্রে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর প্রহসনের উপযোগী যে-ভাষারীতিটি অবলম্বন করেছেন, সেটি বিশদে আলোচনা করো। ১০

একক-২

৪। 'থিয়েটারের জন্য সব করতে পারি, করে এসেছি, করে যাবো'—সংলাপটির সূত্রে 'টিনের তলোয়ার' নাটকে কাপ্তেনবাবুর মানসিকতার পরিচয় দাও। ১০

৫। 'টিনের তলোয়ার' নাটকের শিরোনামটি কীভাবে ইঙ্গিতবাহী হয়ে উঠেছে— আলোচনা করো। ১০

৬। ময়না-র অতীত জীবন ও অভিনেত্রী জীবনের দ্বন্দ্ব 'টিনের তলোয়ার' নাটকে কীভাবে প্রতিফলিত হয়েছে, লেখো। ১০

একক-৩

৭। 'এবং ইন্দ্রজিৎ' নাটকে ইন্দ্রজিৎ-এর মানসিক-স্বাতন্ত্র্য কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা করো। ১০

৮। 'এবং ইন্দ্রজিৎ'-কে তুমি 'আবসার্ড নাটক' বলবে কিনা যুক্তিসহ লেখো। ১০

৯। মানসী-রা কীভাবে 'এবং ইন্দ্রজিৎ' নাটকের গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**) ২x৫= ১০

(ক) 'অলীকবাবু' প্রহসনে সংগীত ও সংগীত-প্রসঙ্গ

(খ) প্রসন্ন চরিত্র

(গ) মথুর মেথর

(ঘ) বসুন্ধরা

(ঙ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে মা ও মাসীমা

(চ) অমল-বিমল-কমল

# স্নাতকোত্তর পরীক্ষা ২০২৪

## বাংলা

### সেমেস্টার : ২ কোর্স : ৪

### (বাংলা কথাসাহিত্য)

**সময় : ৩ ঘন্টা** **পূর্ণমান : ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তরপ্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

**একক ১**

১। 'শ্রীকান্ত' উপন্যাসে আপাত সরল বর্ণনার আড়ালে কোথাও কোথাও ব্যঙ্গারসের বিচ্ছুরণ দেখা যায়। এ বিষয়ে তোমার বক্তব্য বুঝিয়ে দাও। ১০

২। শ্রীকান্তর বয়ানে লেখক কয়েকটি নারীচরিত্রকে তাঁর উপন্যাসে গভীর মমতায় অঙ্কন করেছেন — আলোচনা করো। ১০

৩। লেখকের জীবন অভিজ্ঞতা 'শ্রীকান্ত (প্রথম পর্ব)' উপন্যাসে কতখানি অনুসৃত হয়েছে বলে তুমি মনে করো? ১০

**একক ২**

৪। উপন্যাস-কথকের স্মৃতিচারণায় 'আরণ্যক'-এর প্রকৃতি যে ভাবে উপলব্ধ হয়েছে সে সম্পর্কে তোমার বক্তব্য প্রকাশ করো। ১০

৫। কথক সত্যচরণের ভাষ্যে বিভূতিভূষণ 'আরণ্যক' উপন্যাসে এক নতুন ইতিহাসচেতনার প্রসঙ্গ তুলে ধরেছেন। এ বিষয়ে তোমার বক্তব্য বিশদ করো। ১০

৬। 'আরণ্যক' উপন্যাসে কয়েকটি অদ্ভুত বর্ণময় চরিত্র আমাদের পাঠকমনকে আকর্ষণ করে। তোমার কাছে অদ্ভুত মনে হওয়া এরকম কয়েকটি চরিত্রের পরিচয় দাও। ১০

**একক ৩**

৭। এক সাধারণ মানবীর ডাইনি পরিণাম হল তারাশঙ্করের 'ডাইনী' গল্প। — আলোচনা করো। ১০

৮। 'ইঁদুর' গল্পে মলিনার অন্তর্জগতের যে চিত্র বিমল কর অঙ্কন করেছেন, তা বিশ্লেষণ করো। ১০

৯। বিমল করের 'সুধাময়' গল্পে সুধাময় পূর্ণতার অন্বেষণকারী — তোমার ভাবনা অনুযায়ী যুক্তিসহ এই বক্তব্যটি বিচার করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) : ২X৫=১০

ক) অন্নদাদিদি

খ) 'মড়ার আবার জাত কী?'

গ) যুগলপ্রসাদ

ঘ) 'আমার এ স্মৃতি আনন্দের নয়, দুঃখের'

ঙ) ' শুধু তোর দোষ কি, মেয়েজাতের স্বভাবই ওই'

চ) আঙুরলতা

অভ্যন্তরীণ মাননির্ণয় ২০২৪

এম. এ সেমেস্টার - ২

বাংলা বিভাগ, বিশ্বভারতী

সময় - ৩ ঘণ্টা

পূর্ণমান - ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

প্রতিটি কোর্স থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

## কোর্স – ১

১। আলালি ভাষা ও হুতোমি ভাষার স্বাতন্ত্র্য আলোচনা করে বাংলা গদ্যরীতির বিকাশে আলালি ভাষার গুরুত্ব আলোচনা করো। ৪+৬ = ১০

২। রামানন্দ চট্টোপাধ্যায় সম্পাদিত প্রবাসী পত্রিকার পরিচয় দাও। ১০

৩। ১৯৪৩-এর মন্বন্তর বাংলা কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ১০

## কোর্স – ২

১। “প্রবেশিলা সভাতলে চিত্রাঙ্গদা দেবী।”– চিত্রাঙ্গদার সভায় প্রবেশ এবং স্বল্পকালীন উপস্থিতির পরিপ্রেক্ষিতে চরিত্রটি যেভাবে চিত্রিত হয়েছে ‘মেঘনাদবধ কাব্য’ অবলম্বনে তার পরিচয় দাও। ১০

২। ‘আট বছর আগের একদিন’ কবিতায় ট্র্যাজিক চরিত্র শুধু আত্মঘাতী মানুষটি নয়, কবিতার কথকও। – মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

৩।‘মিছিলের মুখ’ কবিতায় কবির রাজনৈতিক চেতনা কবিতাটিকে কীভাবে সার্থক করেছে আলোচনা করো। ১০

## কোর্স – ৩

১। ‘টিনের তলোয়ার’ নাটকে ময়নার অতীত জীবন ও অভিনেত্রী জীবনের দ্বন্দ্ব কীভাবে প্রতিফলিত হয়েছে, আলোচনা করো। ১০

২। ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকের শিরোনামের ‘এবং’ শব্দটিকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে লেখো। ১০

## কোর্স – ৪

১। ‘শ্রীকান্ত’ উপন্যাসের নারী চরিত্রের বৈশিষ্ট্য লেখো। ১০

২। উপন্যাস-কথকের স্মৃতিচারণায় ‘আরণ্যক’-এর প্রকৃতি যেভাবে উপলব্ধ হয়েছে সে সম্পর্কে তোমার বক্তব্য লেখো। ১০

৩। এক মানবীর ডাইনি পরিণাম হল তারাশংকরের ‘ডাইনী’ নামক গল্পটি।– আলোচনা করো। ১০

-----------------------